

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ  
১৩ নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগী  
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

নং- ৩৩.০২.০০০০.১১৭.৩৭.০০৩.১৭. ৫৮৯(৬)

তারিখ: ০৭/০৯/২০১৭ খ্রি:।

১. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা।
২. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, .....
৩. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, .....

বিষয়: ২০১৭-২০১৮ আর্থিক সালে অনুন্নয়ন "৩-৪৪৩৫-০০০০-৪৮৬৩-মৎস্য ও মৎস্যজাত দ্রব্য" খাতে অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

চলতি ২০১৭-২০১৮ অর্থ বৎসরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট অধিশাখার পত্র নং-৩৩.০০.০০০০.১০৭.২০.০০২.১৭-১৭৯, তারিখঃ ২৫/০৭/২০১৭ (মঞ্জুরী নং-৪০) মোতাবেক অনুন্নয়ন "৩-৪৪৩৫-০০০০-৪৮৬৩-মৎস্য ও মৎস্যজাত দ্রব্য" খাতে বরাদ্দকৃত অর্থ হতে অভ্যন্তরীণ জলাভূমি/ বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবনভূমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে নিম্নবর্ণিত দপ্তর এর অনুকূলে ২,৭৫,০০০/- (দুই লক্ষ পচাত্তর হাজার) টাকা মাত্র বরাদ্দ প্রদান করা হলো। উল্লেখ্য,

১. বিধি মোতাবেক বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে। বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত কোন ক্রেমেই ব্যয় করা যাবে না।
২. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-মপ্রাম/ম-৩(পোনা অবমুক্তি)-০৫/২০১০/২১৪ তারিখ: ১২/০২/২০১৩ খ্রি: অনুযায়ী জারীকৃত পোনামাছ অবমুক্তি কার্যক্রমের অনুমোদিত নির্দেশাবলী-২০১২ মোতাবেক কার্যক্রম গ্রহণসহ পিপিআর, ২০০৮ অনুসরণে পোনামাছের ক্রয় কার্যক্রম পরিচালনা করতে হবে।
৩. স্থানীয় মাননীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি এবং পোনা অবমুক্তি কমিটির সদস্যদের উপস্থিতিতে পোনা মাছ অবমুক্ত করতে হবে। পোনা অবমুক্তি কার্যক্রমের স্থির চিত্র ধারণপূর্বক সংরক্ষণ করতে হবে।
৪. বরাদ্দকৃত অর্থ যথাযথ ব্যবহারের পর পোনামাছ অবমুক্তির বিস্তারিত তথ্য উল্লেখপূর্বক খরচের হিসাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ছকে সচিব প্রতিবেদনসহ প্রেরণ করতে হবে।
৫. ব্যক্তি মালিকানাধীন কোন জলমহাল/জলাশয়ে পোনামাছ অবমুক্ত করা যাবে না।
৬. উন্নয়ন প্রকল্পের আওতায় যে সকল জলমহাল/জলাশয়ে ইতোমধ্যে পোনামাছ অবমুক্ত করা হয়েছে কিংবা চলতি অর্থ বছর পোনামাছ অবমুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়েছে এমন জলাশয়ে পোনামাছ অবমুক্ত করা যাবে না।
৭. পোনামাছ অবমুক্তির জন্য নির্বাচিত জলাশয়ে মাছের সঙ্খা মজুদ/উৎপাদন এ তথ্য সংরক্ষণের ব্যবস্থা করতে হবে যাতে পোনামাছ অবমুক্তির পর সংশ্লিষ্ট জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির পরিমাণ নিরূপণ করা যায়।
৮. পোনা অবমুক্তি কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ১০-১৫ সেঃ মিঃ আকারের রুই, কাতল, মৃগেল, কালিবাউন, ঘনিয়ার সুস্থ-সবল পোনা অবমুক্ত করতে হবে।
৯. পোনা ওজনে (কেজিতে) ক্রয় করতে হবে।
১০. দরপত্রে পোনা ক্রয়ের জন্য কেজি প্রতি দর উল্লেখ করতে হবে।
১১. পোনামাছ অবমুক্তি যথাযথ সময়ের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে।
১২. অব্যাহত অর্থ ১০শে অক্টোবর-২০১৭ খ্রি: তারিখের মধ্যে সমর্পণ করতে হবে।

ক্র: নং	উত্তোলন ও বণ্টনকারী কর্মকর্তাদের পদবী ও ঠিকানা	বরাদ্দের পরিমাণ	জলাশয়ের নাম	মন্তব্য
১.	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর	২১০০০.০০	সাইফিয়া দরবার শরীফ পুকুর(২)	পোনা মাছ অবমুক্তি কার্যক্রম এর ব্যয় নির্বাহের জন্য
		৫৪০০০.০০	ওয়াপদা খাল	
২.	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোনা	১০০০০০.০০	রাজনগর বাইলের বিল	
		১০০০০০.০০	কলসহাটি কুইচ্চার বিল	
	সর্বমোট	২৭৫০০০.০০		

কথায়ঃ দুই লক্ষ পচাত্তর হাজার টাকা মাত্র।

(সেপ্টেম্বর মাসের আজাদ)  
মহাপরিচালক (অতিঃ-দায়িত্ব)  
ফোনঃ ০২-৯৫৬২৮৬১

ই-মেইলঃ dg@fisheries.gov.bd

তারিখ: ০৭/০৯/২০১৭ খ্রি:।

নং- ৩৩.০২.০০০০.১১৭.৩৭.০০৩.১৭. ৫৮৯(৬)/১(৫)

অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য। অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
২. উপ পরিচালক (মৎস্যচাষ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩. উপ পরিচালক, মৎস্য অধিদপ্তর, .....
৪. জেলা মৎস্য কর্মকর্তা, .....
৫. সিস্টেম এনালিস্ট, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা। মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য।
৬. সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তা, .....

মহাপরিচালকের পক্ষে  
(সরকার মুহাম্মদ রফিকুল আলম)  
সহকারী পরিচালক (অর্থ)  
ফোনঃ ০২-৯৫৫৪৯৯২  
ই-মেইলঃ adfinance@fisheries.gov.bd  
sarkeripon@gmail.com